অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সেনেকা এবং অন্টারিও কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে (I-90) এর প্রায় 20 মাইল পুনঃসংস্কার করার জন্য 6 মিলিয়ন মার্কিন ডলার প্রকল্প শুরু করার কথা ঘোষণা করেছেন

প্রকল্পটির মধ্যে রয়েছে সম্পূর্ণ-পরিসরের ফুটপাথ মেরামত এবং এক্সিট 42 (জেনেভা - লিয়ন্স - NY রুট 14) এবং এক্সিট 44 (কানান্দাইগুয়া - ভিক্টর - NY রুট 332) এর মধ্যে প্রায় 80 মোট লেন মাইল পর্যন্ত পুনঃসংস্করণ

প্রকল্পটি 2025 সালের শরত্কালে সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে এবং এটি সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেকস অঞ্চলে কাজ চলা থ্রুওয়ে ক্যাপিটাল ইমপ্রুভমেন্ট প্রকল্পে 45 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রকল্পের অংশ।

গভর্নর ক্যাথি হোকল আজ সেনেকা এবং অন্টারিও কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে (I-90) এর প্রায় 20-মাইল অংশ, বা 80-রও বেশি মোট লেন মাইল পুনঃসংস্কার করার জন্য 6 মিলিয়ন মার্কিন ডলারের অবকাঠামো উন্নয়ন প্রকল্প শুরু করার কথা ঘোষণা করেছেন। প্রকল্পটির মধ্যে রয়েছে মাইলপোস্ট 327.5 থেকে মাইলপোস্ট 347.1 এর মধ্যে I-90 পূর্বমুখী এবং পশ্চিমমুখী, যেটি এক্সিট 42 (জেনেভা - লিয়ন্স - NY রুট 14) এবং এক্সিট 44 (কানান্দাইগুয়া - ভিক্টর - NY রুট 332) এর মধ্যে অবস্থিত, সেটির সম্পূর্ণ-পরিসরের মেরামত। প্রায় 28,000 মোটর চালক প্রতিদিন উভয় দিক থেকে I-90 এর এই প্রসারিত অংশ ব্যবহার করেন।

“নিউইয়র্ক আমাদের পরিবহন ব্যবস্থার আধুনিকীকরণ এবং নিরাপত্তা বাড়াতে অবকাঠামো প্রকল্পে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ” **বলেছেন গভর্নর হোকল।** “থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) বিনিয়োগগুলি কমিউনিটিগুলিকে সংযুক্ত করতে, আমাদের অর্থনীতিকে চাঙ্গা করতে এবং বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে সহায়তা করে।”

থ্রুওয়ে কর্তৃপক্ষের ডিরেক্টর ফ্র্যাঙ্ক জি. হোয়ার বলেন, “থ্রুওয়ে দেশের অন্যতম নিম্ন টোল রেট সহ নিরাপদ সুপারহাইওয়ে। আমরা রাস্তার আধুনিকীকরণের জন্য গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলির জন্য টোলগুলি সিস্টেমে পুনরায় বিনিয়োগ করি। নিরাপত্তা বাড়াতে, রাস্তার আয়ু বাড়াতে এবং হাজার হাজার গাড়িচালকের জন্য সফরের অভিজ্ঞতা উন্নত করতে এই বছর থ্রুওয়েতে নির্ধারিত বেশ কয়েকটি ফুটপাথ উন্নয়ন প্রকল্পের মধ্যে এটি একটি।”

প্রকল্পটিতে 20-মাইল-লম্বা অংশ জুড়ে বিভিন্ন স্থানে পূর্ণ-পরিসরের ফুটপাথ মেরামত, সেইসাথে ফুটপাথ সংলগ্ন বাঁধানো অংশ পুনর্গঠন অন্তর্ভুক্ত রয়েছে। পূর্ণ-পরিসরের ফুটপাথ মেরামত হল যখন কর্মীরা রাস্তার প্রসারিত অংশের সবচেয়ে খারাপ অংশগুলিকে গভীর থেকে খুঁড়ে (সাববেস) সেটির প্রতিস্থাপন করে। থ্রুওয়ের কংক্রিট সাববেসের প্রায় 80 শতাংশ 1950 শতক থেকে রয়েছে এবং থ্রুওয়ে সিস্টেমের মূল। মেরামতকাজটি বিদ্যমান রাস্তার কাঠামোগত সম্পূর্ণতাকে উন্নত করবে।

অতিরিক্ত নিরাপত্তা সংক্রান্ত উন্নয়নের মধ্যে রয়েছে হাইওয়ে সংলগ্ন বাঁধানো অংশ নতুন রিফ্লেক্টিভ লাইন স্ট্রাইপিং এবং মিলড-ইন অডিবল রোডওয়ে ডিলিনেটর (milled-in audible roadway delineators, MIARD)।

সেনেকা ফলস, NY-এর eneca স্টোন কর্পোরেশন (Seneca Stone Corporation) একটি প্রতিযোগিতামূলক বিডিং প্রক্রিয়া অনুসরণ করে কম চুক্তির বিড জমা দিয়েছে। প্রকল্পের কাজ 2025 সালের শরৎকালে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

নির্মাণকাজ চলার সময় গাড়ি চালকরা হাইওয়েতে ট্রাফিক শিফট ও স্টপেজ এর পাশাপাশি লেন বন্ধ থাকার সম্মুখীন হতে পারেন। সমস্ত কাজ আবহাওয়ার উপর নির্ভরশীল এবং পরিবর্তন হতে পারে। যানবাহনের চালকদের সতর্ক থাকতে এবং কাজের এলাকায় নির্দেশিত গতির সীমা অনুসরণ করতে অনুরোধ করা হয়। একটি কাজের এলাকায় গতিসীমা লঙ্ঘন করার জরিমানা দ্বিগুণ।

একটি কর্মক্ষেত্রে শ্রমিকদের সুরক্ষা আরো বাড়ানোর জন্য, গভর্নর হোকল অটোমেটেড ওয়ার্ক জোন স্পিড এনফোর্সমেন্ট (Automated Work Zone Speed Enforcement) পাইলট প্রোগ্রাম প্রতিষ্ঠার আইনে স্বাক্ষর করেছেন। নিরাপত্তা প্রয়োগকারী কর্মসূচিটি 2023 সালের এপ্রিল মাসে শুরু হয়ে এবং থ্রুওয়ের বিভিন্ন সক্রিয় নির্মাণ কাজের জোনে কার্যকর রয়েছে। গতিসীমার ক্যামেরা সহ ওয়ার্ক জোনে, ওয়ার্ক জোন পর্যন্ত স্পষ্ট সাইনেজ থাকবে। ওয়ার্ক জোনে লিখিত গতিসীমা লঙ্ঘন করা মোটরচালকদের জরিমানা করা হবে। লঙ্ঘনের জরিমানা যানবাহনের নিবন্ধিত মালিককে মেইলের মাধ্যমে প্রেরণ করা হবে। কর্মসূচি সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

স্টেট সিনেটর পাম হেলমিং বলেন, "অবকাঠামোয় এই বিনিয়োগ ব্যবসা ও বাণিজ্যকে সমর্থন করে এবং আমাদের ট্রাক চালক ও ভ্রমণকারীদের নিরাপত্তা বাড়ায়। আমি আমাদের থ্রুওয়ে এবং পরিবহন কর্মীদের কঠোর পরিশ্রমের প্রশংসা করি এবং এই কর্মীদের নিরাপদ রাখতে, যানবাহন চালকদের সতর্ক থাকতে এবং কাজের এলাকায় নির্দেশিত গতির সীমা অনুসরণ করার আন্তরিক অনুরোধ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার জেফ গ্যালাহান বলেন, "ফিঙ্গার লেকস এবং সেন্ট্রাল নিউইয়র্কের অংশগুলির প্রতিনিধি হিসাবে, আমি আমাদের অঞ্চলের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবহন করিডোরগুলির একটিকে উন্নত করার জন্য এই গুরুত্বপূর্ণ প্রকল্পের সূচনা দেখে রোমাঞ্চিত। প্রায় 28,000 গাড়িচালক প্রতিদিন অন্টারিও এবং সেনেকা কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে (New York State Thruway) (I-90) এর এই অংশটি ব্যবহার করেন। অন্তর্ভুক্ত রাস্তার মানের

উন্নতি এবং নিরাপত্তা আধুনিকীকরণগুলি সমগ্র অঞ্চলে এবং তার বাইরের চালকদের ব্যাপকভাবে উপকৃত করবে!”

সেনেকা বোর্ড অফ সুপারভাইজারস (Seneca Board of Supervisors) এর সভাপতি মাইকেল এনসলো বলেন, “নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়েতে এই উল্লেখযোগ্য বিনিয়োগ আমাদের অঞ্চলের অবকাঠামোতে একটি গুরুত্বপূর্ণ উন্নয়নের প্রতিনিধিত্ব করে৷ রাস্তার পরিস্থিতি উন্নত করে এবং উন্নত নিরাপত্তা বৈশিষ্ট্যগুলিকে অন্তর্ভুক্ত করে, এই প্রকল্পটি এই গুরুত্বপূর্ণ রুটের উপর নির্ভর করা হাজার হাজার দৈনিক যাত্রীদের ব্যাপকভাবে উপকৃত করবে। আমরা এই অত্যাবশ্যক আধুনিকীকরগুলিকে অগ্রাধিকার দেওয়ার জন্য এবং আমাদের কমিউনিটির জন্য সামগ্রিক গাড়ি চালানোর অভিজ্ঞতা এবং নিরাপত্তা উন্নত করার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।”

অন্টারিও বোর্ড অফ সুপারভাইজারস (Ontario Board of Supervisors) এর সভাপতি টড ক্যাম্পবেল বলেন, “আমরা গভর্নরের ঘোষণা এবং প্রকল্পটি আমাদের বাসিন্দা এবং ভিজিটরদের জন্য যে নিরাপত্তা ও ভ্রমণের অভিজ্ঞতার উন্নয়ন নিয়ে আসবে তার জন্য আমরা অত্যন্ত আনন্দিত।”

থ্রুওয়ে কর্তৃপক্ষ সম্পর্কে

1950 দশকের শুরুর দিকে নির্মিত গভর্নর টমাস ই ডিউই থ্রুওয়ে (Governor Thomas E. Dewey Thruway) হলো জাতীয় ইন্টারস্টেট হাইওয়ে সিস্টেমের সবথেকে পুরোনো অংশগুলির একটি এবং দেশের দীর্ঘতম টোলযুক্ত রাস্তাগুলির একটি। থ্রুওয়ে সিস্টেমের রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার অর্থ মূলত টোল থেকে আসে। থ্রুওয়ে কর্তৃপক্ষ কোনো নিবেদিত ফেডারেল, স্টেট, বা স্থানীয় ট্যাক্স ডলার লাভ করে না এবং থ্রুওয়েতে যারা গাড়ি চালান তাদেরকে জন্য অর্থ প্রদান করতে হয়, এর মধ্যে এক তৃতীয়াংশ চালক স্টেটের বাইরে থেকে আসেন।

থ্রুওয়েকে দেশের সবথেকে নিরাপদ রাস্তার একটি হিসেবে গণ্য করা হয় এবং এখানকার মৃত্যুহার দেশব্যাপী ইনডেক্সের তুলনায় অনেক কম, এবং অনুরূপ টোলের রাস্তার তুলনায় থ্রুওয়ের টোলের হার দেশের সবথেকে কম হারের মধ্যে একটি। ওহায়ো টার্নপাইক (Ohio Turnpike) (প্রতি মাইলে $0.06 মার্কিন ডলার), নিউ জার্সি টার্নপাইক (New Jersey Turnpike) (প্রতি মাইলে 0.11 মার্কিন ডলার এবং 0.31 মার্কিন ডলার সেন্ট) এবং পেনসিলভ্যানিয়া টার্নপাইকের (Pennsylvania Turnpike) (প্রতি মাইলে 0.14 মার্কিন ডলার) তুলনায় থ্রুওয়ের মূল যাত্রী যানবাহনের টোলের হার হলো প্রতি মাইলে 0.05 মার্কিন ডলারের কম।কর্তৃপক্ষের 2024 বাজেট এর ক্যাপিটাল কর্মসূচিকে (Capital Program) সমর্থনের জন্য মোট 451 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, কর্মসূচিটি আগামী পাঁচ বছরে ক্যাপিটাল প্রকল্পসমূহে 2.4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যা সম্প্রতি প্রণয়ন করা টোল সামঞ্জস্যের পর 500 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পেয়েছে। বর্ধিত বিনিয়োগের ফলে থ্রুওয়ের 2,800 লেন মাইলের মধ্যে আনুমানিক অর্ধেকে কাজ হবে এবং একই সাথে থ্রুওয়ের 817টি ব্রিজের মধ্যে আনুমানিক 90টিতে কাজ হবে।

আপ-টু-ডেট যাতায়াতের তথ্যের জন্য, মোটরচালকদেরকে থ্রুওয়ে কর্তৃপক্ষের [মোবাইল অ্যাপ] ডাউনলোড করার জন্য উৎসাহিত করা হচ্ছে, যা iPhone এবং Android ডিভাইস

ব্যবহারকারীদের বিনামূল্যে ডাউনলোডের জন্য উপলভ্য আছে। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও ভ্রমণকারীরা থ্রুওয়ে কর্তৃপক্ষের ইন্টারেক্টিভ ট্রাভেলার ম্যাপ ভিজিট করতে পারবে যেখানে লাইভ ট্র্যাফিক ক্যামেরা দেখা যায়। এছাড়াও গাড়ি চালকরা (TRANSalert) ইমেলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে বরাবর যান চলাচলের সাম্প্রতিক অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে।

আরো তথ্যের জন্য থ্রুওয়েকে ফেসবুক, X, এবং ইনস্টাগ্রামে ফলো করুন, বা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন